# ফ্লুমিক®

## ফ্লুকোনাজল

**উপাদান:**

**ফ্লুমিক**® ৫০ ক্যাপসুল: প্রতি ক্যাপসুলে আছে ফ্লুকোনাজল ইউএসপি ৫০ মিঃগ্রাঃ।
**ফ্লুমিক**® ১৫০ ক্যাপসুল: প্রতি ক্যাপসুলে আছে ফ্লুকোনাজল ইউএসপি ১৫০ মিঃগ্রাঃ।

**বর্ণনা:**

**ফ্লুমিক**® (ফ্লুকোনাজল) ছত্রাকনাশক এজেন্টের ট্রায়াজল শ্রেণীর একটি সদস্য। ইহা ছত্রাকের মেমব্রেন আরগোস্টেরেলের সংশ্লেষণে বাধা দেয়।

**নির্দেশনা:**

অরোফেরিনজিয়াল, ইসোফেজিয়াল, ভ্যাজাইনাল ও সিস্টেমিক ক্যানডিডিয়েসিস, যেমন: ক্যানডিডিমিয়ার চিকিৎসায় **ফ্লুমিক**® নির্দেশিত।

- ক্রিপ্টোকক্কাস নিয়োফরম্যানস এর চিকিৎসায় **ফ্লুমিক**® প্রথম সারির ঔষধ।
- ইহা ব্লাস্টমাইকোসিস এবং হিস্টোপ্লাসমোসিস এর চিকিৎসায়ও ব্যবহৃত হয়।

**মাত্রা এবং সেবন বিধি:**

**ফ্লুমিক**® মুখে সেবন করা হয়।
*১৮ বৎসরের উপরে রোগীদের ক্ষেত্রে:* মিউকোসাল ক্যানডিডিয়েসিস (ভ্যাজাইনাল ব্যতীত) -অরোফেরিনজিয়াল ক্যানডিডিয়েসিসঃ প্রতিদিন ৫০ মিঃগ্রাঃ হিসাবে ৭ থেকে ১৪ দিন সেব্য। অন্যান্য মিউকোসার ক্যানডিডাল সংক্রমণে যেমন-ইসোফেজাইটিস, নন-ইনভেসিভ ব্রংকোপালমোনারীর সংক্রমণ, মিউকোকিউটেনিয়াস ক্যানডিডিয়েসিসে দৈনিক ৫০ মিঃগ্রাঃ ১৪ থেকে ৩০ দিন সেব্য। মিউকোসাল ক্যানডিডাল সংক্রমণের জটিল ক্ষেত্রে মাত্রা দৈনিক ১০০ মিঃগ্রাঃ পর্যন্ত বাড়ানো যেতে পারে।
ভ্যাজাইনাল ক্যানডিডিয়েসিসের চিকিৎসায় একক মাত্রায় ১৫০ মিঃগ্রাঃ ক্যাপসুল সেব্য। ক্রিপ্টোকক্কাল সংক্রমণে যেমন, মেনিনজাইটিস -প্রাথমিকভাবে ৪০০মিঃগ্রাঃ, অতঃপর দৈনিক ২০০মিঃগ্রাঃ। প্রয়োজনে মাত্রা দৈনিক ৪০০ মিঃগ্রাঃ পর্যন্ত বাড়ানো যেতে পারে। রোগীর প্রতিক্রিয়া অনুযায়ী চিকিৎসা চালিয়ে যেতে হবে।
*৫ বছরের উপরের বাচ্চাদের জন্য:*
সুপারফিসিয়াল ক্যানডিডাল সংক্রমণে দৈনিক ১-২ মিঃগ্রাঃ/কেজি। সিষ্টেমিক ক্যানডিডিয়াসিস এবং ক্রিপ্টোকক্কাল নিয়োফরম্যানস সংক্রমণে দৈনিক ৩-৬ মিঃগ্রাঃ/কেজি। তীব্র সংক্রমণে যেখানে জীবনাশংকা দেখা দিতে পারে সেক্ষেত্রে ৫-১৩ বছরের বাচ্চাদের দৈনিক ১২ মিঃগ্রাঃ/কেজি দেহ ওজনে সর্বোচ্চ দৈনিক ৪০০মিঃগ্রাঃ পর্যন্ত দেয়া যেতে পারে। অথবা রেজিষ্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**বিরূপ নির্দেশনা:**

**ফ্লুমিক**® ট্রায়াজল গোত্রের প্রতি সংবেদনশীল রোগীদের ক্ষেত্রে নির্দেশিত নহে।

**সতর্কতা:**

**ফ্লুমিক**® খুবই গুরুত্বপূর্ণ টোরাটোজেন এবং গর্ভাবস্থায় অথবা সন্তান সম্ভাব্য মহিলাদের ব্যবহার করা উচিত নয়, যতক্ষণ পর্যন্ত না পর্যাপ্ত গর্ভরোধক ব্যবহার করা হয়। তবে স্তন্যদানকারী মায়েদের জন্য **ফ্লুমিক**® নির্দেশিত নয়। যদিও ফ্লুকোনাজল দ্বারা চিকিৎসায় যকৃতে বড় ধরণের পার্শ্ব প্রতিক্রিয়া খুবই কম দেখা যায়, তথাপি চিকিৎসাকালে এ ধরণের প্রতিক্রিয়ার সম্ভাবনা বিবেচনায় রাখা উচিত।

**পার্শ্ব প্রতিক্রিয়া:**

পরিপাকতন্ত্রের পার্শ্ব প্রতিক্রিয়াই সবচেয়ে বেশী দেখা যায়। পার্শ্ব প্রতিক্রিয়ার মধ্যে রয়েছে বমি বমি ভাব, পাকস্থলীর অসাচ্ছন্দতা, উদরাময়, পেট ফাঁপা এবং চামড়া লাল দাগ পড়ে।

**অন্য ঔষধের সাথে বিক্রিয়া:**

**ফ্লুমিক**® সাইক্লোস্পোরিন, ফিনাইটইন, রেফাবিউটিনের মাত্রা রক্তে বাড়িয়ে দেয়। থিওফাইলিনের মাত্রা এবং অর্ধায়ু তাৎপর্যপূর্ণভাবে বেড়ে যায় এবং মূত্রপথে নিষ্কাশন কমে যায়। ফ্লুকোনাজল টলবিউটামাইড, গ্লাইবিউরাইড এবং গ্লিপিজাইডের মাত্রা বাড়ায়। ফ্লুকোনাজল সেবনের ১৪ দিন পরে ওয়ারফেরিনের একক মাত্রা বি.টি বৃদ্ধি করে।

**সংরক্ষণ:**

অনুর্ধ্ব ২৫° সেঃ তাপমাত্রায় সূর্যের আলো থেকে দূরে ঠাণ্ডা ও শুক্‌নো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।

**প্যাকেজের পরিমাণ:**

**ফ্লুমিক**® ৫০ ক্যাপসুলঃ প্রতি বাক্সে আছে ৩ X ১০ ক্যাপসুল ব্লিষ্টার প্যাকে।
**ফ্লুমিক**® ১৫০ ক্যাপসুলঃ প্রতি বাক্সে আছে ১ X ১০ ক্যাপসুল ব্লিষ্টার প্যাকে।

Manufactured by
EURO Pharma Ltd.
*In Pursuit of Excellence*
Shampur, Dhaka, Bangladesh

®Regd. Trademark

# Flumyc®

## Fluconazole

**Composition:**
**Flumyc**® 50 capsule: Each capsule contains Fluconazole USP 50mg.
**Flumyc**® 150 capsule: Each capsule contains Fluconazole USP 150mg.

**Description:**
**Flumyc**® (Fluconazole) is a triazole class of antifungal agents. It inhibits the synthesis of fungal membrane ergosterol.

**Indications:**
**Flumyc**® is used for the treatment of oropharyngeal, oesophageal, vaginal and systemic candidiasis e.g. Cadidemia.

- It is the drug of choice for Cryptococcus Neoformans.
- It is also useful in the treatment of Blastomycosis and Histoplasmosis

**Dosage and administration:**
**Flumyc**® is administered orally.
*Adults and patients over 18 year* :
In case of Oropharyngeal candidiasis: the recommended dose is 50mg once daily for 7 to 14 days. For other candidal infections of the mucosa e.g. esophagus, non-invasive bronchopulmonary infections, mucocutaneous candidiasis etc. the recommended dose is 50 mg daily for 14 to 30 days. In some cases of mucosal candidal infections the dose can be increased to 100 mg daily. Vaginal candidiasis: 150 mg single oral dose. In Cryptococcal infections e.g. meningitis: 400 mg initially, then 200 mg daily. The dose can be increased upto 400 mg daily if necessary. Treatment should continue according to patient's response.
*Child over 5 year*:
Superficial candidal infections,1-2 mg/kg body weight daily: systemic candidiasis and Cryptococcal Neoformans infections 3-6 mg/kg daily. In serious life threatening infections upto 12 mg /kg daily has been given to children aged 5-13 years, max-400 mg daily .Or as directed by the registered physician

**Contra-indications:**
**Flumyc**® should not be used in patients with known hypersensitivity to fluconazole or to related triazole compounds.

**Precautions:**
**Flumyc**® is potent teratogens and should not be used in pregnancy or in women of child bearing potential unless adequate contraception is employed. The use of fluconazole in nursing mothers is not recommended . Although serious adverse hepatic effects have been reported only rarely with fluconazole, the possibility that these effects may occur during fluconazole therapy should be considered.

**Side effects:**
The most common side effects are those affecting the gastrointestinal tract, e.g. nausea, abdominal discomfort, diarrhoea, flatulence and rash.

**Drug Interactions:**
**Flumyc**® increases the plasma concentration of cyclosporine, phenytoin, refabutin, Theophylline AUC, Cmax and half-life were significantly increased and clearance was decreased. Fluconazole resulted in significant increases in Cmax and AUC of tolbutamide, glyburide and glipizide. A single warfarin does after 14 days of fluconazole resulted in an increase in the B.T. response.

**Storage:**
Store in cool, dry place below 25$^0$C away from sunlight.

**Commercial Pack:**
**Flumyc**® 50 capsule: Each box contains 3x10 capsules in blister pack.
**Flumyc**® 150 capsule: Each box contains 1x10 capsules in blister pack.

Manufactured by
EURO Pharma Ltd.
*In Pursuit of Excellence*
Shampur, Dhaka, Bangladesh

®Regd. Trademark